বিল্ডিং কোড অনুসরণ
নিশ্চিত করে নিরাপদ ভবন

# হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট
## HOUSING AND BUILDING RESEARCH INSTITUTE (HBRI)
Ministry of Housing and Public Works

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং: ২৫.৪৪.২৬০০.০০০.০৬.১০৫.১৭-পি.আর.ই-১৮৮ তারিখ: ২০ মে ২০২১ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউটের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর আওতায় বাস্তবায়িত সেবা সহজিকরণের ডকুমেন্টেশন ও প্রকাশনা প্রেরণ প্রসঙ্গে।**

সম্মান সহকারে উপর্যুক্ত বিষয় ও সুত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানাচ্ছি যে, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয়ের আওতাধীন হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউটের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর কার্যক্রম নং ১৪.২ অনুযায়ী অত্র প্রতিষ্ঠানের ২০২০-২১ সালে বাস্তবায়িত সেবা সহজিকরণ 'নাগরিক সেবায় পরিবেশবান্ধব নির্মান উপকরণ ও টেকসই ভবন নির্মান সংক্রান্ত অনলাইন ট্রেনিং চালুকরণ' এবং 'এইচবিআরআইতে নির্মান উপকরণ ও মৃত্তিকা পরীক্ষার আবেদন, মূল্য পরিশোধ এবং টেস্ট রিপোর্ট প্রাপ্তির অনলাইন ব্যবস্থা চালুকরণ' শীর্ষক প্রকল্পের ডকুমেন্টেশন ও প্রকাশনা অত্র প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশপূর্বক আপনার সদয় অবগতির জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা অনুযায়ী

২০/০৫/২০২১
(প্রকৌশলী মোঃ সাখাওয়াৎ হোসেন)
প্রিন্সিপাল রিসার্চ ইঞ্জিনিয়ার
ও ইনোভেশন অফিসার
হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ
জনাব মোঃ মমতাজ উদ্দিন এনডিসি, যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলোঃ
১। সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জনাব মিহির কান্তি সরকার, সিস্টেম এনালিস্ট ও সদস্য সচিব, ইনোভেশন টীম, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
৩। মহা পরিচালকের ব্যক্তিগত সহকারী, এইচবিআরআই, মিরপুর, ঢাকা।
৪। সংশ্লিষ্ট নথি এবং ওয়েবসাইট।

120/3 Darus Salam, Mirpur, Dhaka-1216, Bangladesh
Tel: +880-2-58055245, Fax: 880-2-58055194
e-mail: dg@hbri.gov.bd
website: www.hbri.gov.bd



মোঃ আশরাফুল আলম
মহাপরিচালক

## সংশ্লিষ্ট উদ্ভাবকগণের নাম ও পদবি

১. মোঃ সাখাওয়াৎ হোসেন
প্রিন্সিপাল রিসার্চ ইঞ্জিনিয়ার



২. ডঃ সৈয়দা সায়েকা বিনতে আলম
প্রজেক্ট অফিসার (চঃদাঃ)



৩. পার্থ সাহা
রিসার্চ ইঞ্জিনিয়ার



৪. জাহিদ শাহ সুজা
রিসার্চ অফিসার



৫. সৈয়দ আহমদ তাসনিম
রিসার্চ ইঞ্জিনিয়ার



বিল্ডিং কোড অনুসরণ,
নিশ্চিত করে নিরাপদ জীবন

মাটি পোড়া ইট নয়
ড্রেজিং সয়েলে ইট হয়

পরিকল্পিত আবাস গড়ি
কৃষি জমি রক্ষা করি

## CITIZEN CHARTER

### সেবা প্রদান প্রতিশ্রুতি

১। বিকল্প নির্মাণ উপকরণ উদ্ভাবন
ও উদ্ভাবিত নির্মাণ সামগ্রী সরবরাহ

২। প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনা ঃ
- নিজের বাড়ি নিজে করি প্রশিক্ষণ কর্মসূচী
- নির্মাণ শ্রমিক ও নির্মাণ সংশ্লিষ্ট ব্যক্তিদের জন্য ট্রেনিং কর্মসূচী
- ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট প্রোগ্রাম
- ইন্টার্নশিপ প্রোগ্রাম
- পাঁচ লক্ষ দক্ষ নির্মাণ কর্মী তৈরির লক্ষে TOT প্রশিক্ষণ।

৩। পরামর্শমূলক সেবা ঃ
- স্বল্প ব্যয় গৃহায়ন প্রকল্প
- পরিবেশবান্ধব বিকল্প নির্মাণ উপকরণ ও প্রযুক্তি
- ফেরোসিমেন্ট প্রযুক্তি

৪। নির্মাণ উপকরনাদি পরীক্ষা ও মান নিয়ন্ত্রণঃ
- নির্মাণ উপকরণ, যেমন ইট, বালি, সিমেন্টের পরীক্ষা ও মান নিয়ন্ত্রণ
- সাব সয়েল ইনভেস্টিগেশন
- ল্যাবরেটরি টেস্ট ও রিপোর্ট প্রদান

৫। তথ্য প্রদান সেবা




# বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২১ এর আওতায় সেবা সহজীকরণ সংক্রান্ত তথ্যসমূহ



## হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট
**HOUSING AND BUILDING RESEARCH INSTITUTE**
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

# সেবা প্রদানের পূর্বের ও বর্তমান পদ্ধতির প্রসেস ম্যাপ


# সহজীকৃত সেবার বিবরণ

## এইচ.বি.আর.আই তে নির্মাণ উপকরণ ও মৃত্তিকা পরীক্ষার আবেদন, মূল্য পরিশোধ এবং টেস্ট রিপোর্ট প্রাপ্তির অনলাইন ব্যবস্থা প্রনয়ণ

হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট বাংলাদেশে নির্মাণ উপকরণ এবং মৃত্তিকা পরীক্ষা সুদক্ষভাবে পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে অন্যতম প্রধান একটি প্রতিষ্ঠান। সুদীর্ঘ সময় ধরে এই প্রতিষ্ঠান দক্ষতার সাথে আন্তর্জাতিক মানের টেস্টিং সার্ভিস পরিচালনা করে আসছে। বিশেষত দেশের গুর⁻ত্বপূর্ণ এবং চ্যালেঞ্জিং প্রকল্পের মৃত্তিকা পরীক্ষা এবং বিভিন্ন নির্মাণ উপকরণের পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট একটি নির্ভরযোগ্য প্রতিষ্ঠান হিসাবে প্রকৌশলী সমাজে সমাদৃত। যেহেতু একটি ভবনের টেকসই মান এবং স্থায়িত্বের জন্য তার নির্মানের প্রারম্ভে যথাযথ সয়েল টেস্টের ভূমিকা অপরিসীম, তাই সরকারী বৃহৎ প্রকল্পের পাশাপাশি ব্যক্তিগত পর্যায়ের অনেক প্রকল্পের সঠিক সয়েল টেস্টের জন্য উল্লেখযোগ্য সংখ্যক আবেদন জমা পড়ে থাকে। দেশের বিভিন্ন প্রান্ড় থেকে আসা এসকল আবেদন প্রথাগত পদ্ধতিতে অত্র ইনস্টিটিউটের মহাপরিচালক বরাবর দাখিল হবার পর, অনুমতি সাপেক্ষে সংশ্লিষ্ট ল্যাবরেটরির দায়িত্বে থাকা কর্মকর্তার কাছে প্রেরিত হয়। যার পর প্রাক্কলন প্রস্তুতকরণসহ পরবর্তী ৬টি ধাপ পার হয়ে নমুনা সংগ্রহ এবং সংগৃহীত নমুনা পরীক্ষণ সম্ভবপর হয়। এই প্রচলিত পদ্ধতিটি সময় এবং শ্রম সাপেক্ষ হওয়ায় আবেদনকারীকে একাধিকবার এইচ.বি.আর.আই অফিসে আসার প্রয়োজন পড়ে। ২০২০ সালে অত্র ইনস্টিটিউট তার বহুল সমাদৃত এই টেস্টিং সার্ভিসটিকে জনসাধারণের জন্য আরো সহজসাধ্য করার উদ্যোগ গ্রহণ করে, যার মাধ্যমে প্রচলিত পদ্ধতির ১৩ টি ধাপকে অনলাইন ব্যবস্থা প্রণয়নের মাধ্যমে সহজ করে ৫ টি ধাপে আনা হয়েছে। নতুন এই পদ্ধতিতে আবেদনকারীকে একবারের জন্যও ঢাকায় এইচ.বি.আর.আই অফিসে আসার প্রয়োজন পরবে না। আবেদনকারী নিজ গৃহে বসে ইনস্টিটিউটের ওয়েবসাইটে তার কাঙ্খিত টেস্টিং এর যাবতীয় তথ্য পূরণ করে আবেদন সম্পন্ন করলে স্বয়ংক্রিয় ভাবে টেস্টিং এর আনুমানিক / চূড়ান্ত ফি ক্যালকুলেট হয়ে আবেদনকারীর সামনে প্রদর্শিত হবে। পরবর্তীতে অনলাইনের মাধ্যমে ফি পরিশোধ সাপেক্ষে নমুনা সংগ্রহের টীম সাইটে পৌঁছে যাবে। সংগৃহীত নমুনা ল্যাবে পরীক্ষার পর আবেদনকারীর নিকট অনলাইনে ই-রিপোর্ট এবং ডাকযোগে হার্ডকপি এবং প্রযোজ্য ক্ষেত্রে চূড়ান্ত বিল প্রেরণ করা হবে। পরবর্তীতে আবেদনকারী চূড়ান্ত বিল অনুযায়ী অপরিশোধিত ফি অনলাইনের মাধ্যমে পরিশোধ করবেন। যার ফলে রিপোর্ট প্রাপ্তির জন্যও আবেদনকারীকে এইচ.বি.আর.আই অফিসে আসার প্রয়োজন পড়বে না। সমগ্র কার্যক্রম চলাকালীন সময়ে আবেদনকারী তার আবেদনের স্ট্যাটাস সর্বদা ওয়েবসাইটে দেখতে পাবেন। এই পদ্ধতির মাধ্যমে এইচ.বি.আর.আই এর টেস্টিং সার্ভিস জনস্বার্থে আরও অধিক ভূমিকা পালনে সক্ষম হবে।

** সেবা প্রদানের পূর্বের ও বর্তমান পদ্ধতির প্রসেস ম্যাপঃ পরবর্তী পৃষ্ঠায় সংযুক্ত।

### পূর্বের পদ্ধতি






ধাপঃ ১৩ টি

জনবলঃ ১১ জন


সময়ঃ সর্বোচ্চ ২১ দিন (নমুনা সংগ্রহ এবং পরীক্ষা পরিচালনার সময় পরিবর্তনশীল)







### বর্তমান পদ্ধতি





ধাপঃ ৫টি

জনবলঃ ৫জন


সময়ঃ সর্বোচ্চ ১২ দিন (নমুনা সংগ্রহ এবং পরীক্ষা পরিচালনার সময় পরিবর্তনশীল)









# নাগরিক সেবায় পরিবেশ বান্ধব নির্মাণ উপকরণ ও টেকসই ভবন নির্মাণ সংক্রান্ত অনলাইন ট্রেনিং








## সংশ্লিষ্ট কর্মকর্তাগণের নাম, পদবী ও ছবি



মোঃ আকতার হোসেন সরকার
প্রিন্সিপাল রিসার্চ অফিসার



মোঃ সাখাওয়াৎ হোসেন
প্রিন্সিপাল রিসার্চ ইঞ্জিনিয়ার



নাহিদ ফেরদৌস দৃষ্টি
রিসার্চ আর্কিটেক্ট



মোঃ জাহিদ শাহসুজা
রিসার্চ অফিসার



রাবেয়া খায়ের নিথী
রিসার্চ অফিসার

মুজিব শতবর্ষ MUJIB 100

# বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২১

এর আওতায় সেবা সহজিকরণ



বাহুবল, হবিগঞ্জ, ৩১ মার্চ - ২ এপ্রিল ২০২১

hbri

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট**

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

# নাগরিক সেবায় অনলাইন ট্রেনিং

হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট নাগরিক সেবায় এবং জনসাধারনের সচেতনতা বৃদ্ধির জন্য দীর্ঘদিন যাবত নিয়মিতভাবে পরিবেশবান্ধব নির্মাণ উপকরণ ও টেকসই ভবন নির্মাণ সংক্রান্ত প্রশিক্ষণ পরিচালনা করে আসছে। এ সকল প্রশিক্ষণের মাধ্যমে সাধারণ নাগরিক পর্যায়ে পরিবেশবান্ধব ভবন নির্মাণ ও নির্মাণ উপকরণের ব্যাপারে সচেতনতা বৃদ্ধির পাশাপাশি মেসন ট্রেনিং এর মত আরও অনেক দক্ষতা বৃদ্ধিমুলক ট্রেনিং পরিচালনার মাধ্যমে বিপুল সংখ্যক অদক্ষ মানুষের সক্ষমতা বৃদ্ধি করা সম্ভব হয়েছে। ক্ষেত্র বিশেষে ব্যাক্তিগত ও প্রাতিষ্ঠানিক আবেদনের প্রেক্ষিতে অথবা ইনস্টিটিউটের কর্মপরিকল্পনার অংশ হিসাবে এই ট্রেনিংসমূহ পরিচালিত হয়ে থাকে। কিন্তু ট্রেনিং এ অংশগ্রহণ করার ইচ্ছা থাকা সত্বেও একটি উল্লেখযোগ্য সংখ্যক মানুষ দেশের দুরবর্তি প্রান্ত থেকে ঢাকায় হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউটের অফিসে এসে প্রশিক্ষণটি নিতে ব্যর্থ হচ্ছেন। বিশেষত করোনা মহামারীর সময় স্বাস্থ্যবিধি মেনে এই প্রশিক্ষণ পরিচালনা করা দুরূহ হয়ে পড়ে। সেই প্রেক্ষিতে ২০২০-২১ সালের ইনোভেশন কর্মপরিকল্পনার অংশ হিসাবে অত্র প্রতিষ্ঠানের এই জনহিতকর প্রশিক্ষণ কার্যক্রমকে অনলাইন সেবায় রুপান্তরের মাধ্যমে দেশের প্রত্যন্ত এলাকার মানুষকেও প্রশিক্ষিত করার উদ্যোগ গ্রহণ করা হয়। ইতোমধ্যে এই অনলাইন প্রশিক্ষণের আওতায় ইনস্টিটিউটের ওয়েবসাইট এবং সংবাদপত্রে বিজ্ঞপ্তির মাধ্যমে জনসাধারণকে অবহিত করে প্রথম চারটি ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। ইনস্টিটিউটের উদ্যোগে প্রথম ব্যাচের প্রশিক্ষণে ৪৩ জনের পুর্ন অংশগ্রহণে পরিবেশবান্ধব নির্মাণ উপকরণ এবং টেকসই ভবন নির্মাণ বিষয়ে সফলভাবে প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (এইচবিএফসি) এর আবেদনের প্রেক্ষিতে পরবর্তি তিনটি ব্যাচে, প্রতিটিতে ৪০ জন করে মোট ১২০ জন কর্মকর্তাকে টেকসই ও পরিবেশবান্ধব ভবন নির্মাণ বিষয়ে অনলাইনে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৫ম ব্যাচের প্রশিক্ষণ আয়োজনের কার্যক্রম চলমান আছে। দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে সাধারণ মানুষের সক্রিয় অংশগ্রহণ এবং পরিবেশবান্ধব ও আধুনিক নির্মাণের ব্যাপারে মানুষের আগ্রহ ভবিষ্যতে এই অনলাইন প্রশিক্ষণ কার্যক্রমকে চলমান রাখতে হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউটকে উৎসাহিত করবে।

## সেবা প্রদানের পুর্বের পদ্ধতির প্রসেস ম্যাপঃ

শুরু

↓

কাঙ্ক্ষিত ট্রেনিং এর জন্য মহাপরিচালক বরাবর আবেদন — P. আবেদনকারী, T. ১ দিন

↓

আবেদনপত্রটি নথিতে উপস্থাপন এবং মহাপরিচালকের অনুমতি গ্রহণ — P. অফিস সহকারী, T. ১ দিন

↓

অনুমোদন সাপেক্ষে ট্রেনিং এর ব্যবস্থাপনার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তার কাছে প্রেরণ — P. সংশ্লিষ্ট কর্মকর্তা, T. ১ দিন

↓

প্রশিক্ষকগণের সমন্বয়ে ট্রেনিং এর মডিউল এবং সময়সূচী নির্ধারণ — P. সংশ্লিষ্ট কর্মকর্তা, T. ২ দিন

↓

ট্রেনিং এর সময়সূচী পত্রের মাধ্যমে আবেদনকারীকে অবহিতকরণ / আমন্ত্রণ পত্র বিতরণ / সংবাদপত্রে বিজ্ঞপ্তি প্রকাশ — P. সংশ্লিষ্ট কর্মকর্তা, T. ২ দিন

↓

ট্রেনিং আয়োজন — P. সংশ্লিষ্ট কর্মকর্তা, T. ২ দিন

↓

সফলভাবে ট্রেনিং সম্পন্নকারিদের মাঝে সার্টিফিকেট বিতরণ — P. সংশ্লিষ্ট কর্মকর্তা, T. ১ দিন

↓

শেষ — P. আবেদনকারী

ধাপঃ ৭ টি

জনবলঃ ৬ জন

সময়ঃ সর্বোচ্চ ১০ দিন

## সেবা প্রদানের বর্তমান পদ্ধতির প্রসেস ম্যাপঃ

শুরু

↓

অনলাইনে কাঙ্ক্ষিত ট্রেনিং এর জন্য আবেদন / ওয়েবসাইটে প্রকাশিত ট্রেনিং এর বিজ্ঞপ্তি দেখে আবেদন — P. আবেদনকারী, T. ১ দিন

↓

প্রাপ্ত আবেদনের সাপেক্ষ্যে ট্রেনিং এর প্রস্তুতি এবং আবেদকারিকে অবহিতকরন — P. সংশ্লিষ্ট কর্মকর্তা, T. ১ দিন

↓

জুম অ্যাপের মাধ্যমে অনলাইনে ট্রেনিং আয়োজন — P. সংশ্লিষ্ট কর্মকর্তা, T. ২ দিন

↓

সফলভাবে ট্রেনিং সম্পন্নকারিদের অনলাইনে সার্টিফিকেট প্রেরণ — P. সংশ্লিষ্ট কর্মকর্তা, T. ১ দিন

↓

শেষ — P. আবেদনকারী

ধাপঃ ৪ টি

জনবলঃ ৩ জন

সময়ঃ সর্বোচ্চ ৫ দিন


## হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

১২০/৩, দারুস-সালাম, মিরপুর, ঢাকা-১২১৬

ফ্যাক্স ঃ ৯০৩৫০৫৭, ফোন ঃ ৯০৩৫২২২, ৯০০০৮২০-২২, ৯০০০৪৯৪

www.hbri.gov.bd